# এমপিওভুক্ত শিক্ষকদের ৪টি ভাতা বাড়ানোর কথা জানালেন বিদায়ী শিক্ষা উপদেষ্টা

## নতুন শিক্ষা উপদেষ্টার স্বপ্ন- 'দেশের ভেতরেই ভবিষ্যৎ দেখতে পাবে শিক্ষার্থীরা'

**সংবাদ অনলাইন রিপোর্ট** : বুধবার, ০৫ মার্চ ২০২৫

শিক্ষা উপদেষ্টার দায়িত্ব ছাড়ার দিনে এমপিওভুক্ত শিক্ষক-কর্মচারীদের আর্থিক সুবিধা বাড়ানোর কথা জানিয়েছেন ওয়াহিদউদ্দিন মাহমুদ। তিনি বলেন, শিক্ষক-কর্মচারীদের উৎসব ভাতা, বাড়িভাড়া, চিকিৎসা ভাতা এবং বিনোদন ভাতা বাড়ানো হচ্ছে। আগামী ঈদুল আজহা থেকে এই সুবিধা কার্যকর হবে।

আর নতুন শিক্ষা উপদেষ্টা সিআর আবরার বলেছেন, 'আমাদের ছাত্রছাত্রীরা দেশের ভেতরেই তার ভবিষ্যৎ দেখতে পাবে এবং বাংলাদেশ থেকেই বিশ্বকে নেতৃত্ব দেবে।' তিনি সেই 'ভিত্তি' তৈরির কাজ করবেন।

এতদিন শিক্ষা ও পরিকল্পনা উপদেষ্টা হিসেবে দায়িত্ব পালন করেছেন ওয়াহিদউদ্দিন মাহমুদ।বুধবার শিক্ষা উপদেষ্টার দায়িত্ব পেয়েছেন ঢাকা বিশ্ববিদ্যালয়ের (ঢাবি) অবসরপ্রাপ্ত শিক্ষক ও মানবাধিকার সংগঠনের 'অধিকার' সাবেক সভাপতি চৌধুরী রফিকুল আবরার (সিআর আবরার)। এখন থেকে ওয়াহিদউদ্দিন মাহমুদ শুধু পরিকল্পনা উপদেষ্টার দায়িত্ব পালন করবেন। রাষ্ট্রপতি মো. সাহাবুদ্দিন বুধবার সকাল ১১টার দিকে বঙ্গভবনে সিআর আবরারকে শপথ পড়ান। এরপর তিনি সচিবালয়ে শিক্ষা মন্ত্রণালয়ে আসেন। এ সময় সদ্য সাবেক শিক্ষা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ উপস্থিত ছিলেন। ২ জনকেই শিক্ষামন্ত্রণালয় ও সংস্থাগুলোর পক্ষ থেকে সংবর্ধনা দেয়া হয়। এ সময় শিক্ষার বিভিন্ন বিষয়ে নিয়ে কথা বলেন দুই উপদেষ্টা।

ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, 'এ বছরের ঈদুল আজহা থেকে শুরু করে আগামী বছরের বাজেট থেকে অন্তত কিছু বাড়াতে পারব। এখানে আমি

ঘোষণা দিচ্ছি না কত বাড়াবো। আমি জানি এ বছর বাজেটের মধ্যে সেটুকু এবং আগামী বছরের বাজেটের মধ্যে সেটির বিধান রাখা হচ্ছে।' বেসরকারি শিক্ষকদের বিষয়ে ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, ১৫ থেকে ২০ বছরের বঞ্চনা ১-২ বছরের বাজেট দিয়ে মেটানো যায় না। এটা বোঝানো 'খুব কঠিন'। এখনই সরকারি বেতনের সমান করে দিতে হবে। এটা তাদের 'ন্যায্য দাবি' কিন্তু এক বছরের বাজেট দিয়ে কী করে ১৫ বছরের বৈষম্য ঠিক করা যায়? কিন্তু শুরুটা করা দরকার। সেই শুরুটাই অন্তর্বর্তী সরকার করে দিয়ে যাচ্ছে।

তিনি আরও বলেন, 'তাদের (এমপিওভুক্ত শিক্ষক) উৎসব ভাতা, বিনোদন ভাতা, বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা এ বছরের ঈদুল আজহা থেকে শুরু করে আগামী বছরের বাজেট থেকে অন্তত কিছু বাড়াতে পারবো। এখানে আমি ঘোষণা দিচ্ছি না কত বাড়াব। আমি জানি এ বছর বাজেটের মধ্যে সেটুকু এবং আগামী বছরের বাজেটের মধ্যে সেটির বিধান রাখা হচ্ছে।' এমপিওভুক্ত শিক্ষকদের অবসর এবং কল্যাণ ভাতার জন্য একটি 'তহবিলের কিছুটা এ বছরই তৈরি' করা হচ্ছে জানিয়ে পরিকল্পনা উপদেষ্টা ওয়াহিদউদ্দিন মাহমুদ বলেন, 'এ বছরই কিছুটা তৈরি করা হয়েছে।

আগামী বাজেটে আরও রাখা হবে। তবে পুরো তহবিলটি টেকসই করতে হলে ১২ বাজেটে হবে না, ৩-৪ বাজেটে আশা করি ভবিষ্যতে এটির সমাধান হয়ে যাবে।'

'বাংলাদেশ থেকেই বিশ^কে নেতৃত্ব দেবে' নতুন শিক্ষা উপদেষ্টার স্বপ্ন :

নতুন শিক্ষা উপদেষ্টা সিআর আবরার বলেছেন, 'আমি এমন শিক্ষাব্যবস্থার স্বপ্ন দেখি, যেখানে আমাদের ছাত্রছাত্রীরা দেশের ভেতরেই তার ভবিষ্যৎ দেখতে পাবে এবং বাংলাদেশ থেকেই বিশ্বকে নেতৃত্ব দেবে। এটা হয়তো একদিনে হবে না, এ বছরে হবে না, ৫ বছরে হবে না। কিন্তু তার জন্য ভিত্তিটি তৈরি করে দেয়া, ইতোমধ্যে অনেকগুলো উদ্যোগ নেয়া হয়েছে।'

এ ধরনের পরিসরে এসে বসবেন, তা জীবনে ভাবেননি মন্তব্য করে তিনি আরও বলেন, 'শিক্ষা হচ্ছে বৈষম্যহীন সমাজ গঠনে সবচেয়ে গুরুত্বপূর্ণ বাহন। আমি এমন এক শিক্ষাব্যবস্থার কথা ভাবি, যা হবে ব্যক্তির কর্মদক্ষতা অর্জন, তার আত্মোন্নয়নের উপযুক্ত পথ। যা হবে আর্থসামাজিক উন্নয়ন ও বিজ্ঞান প্রযুক্তিভিত্তিক উৎকর্ষের সহায়ক এবং যা হবে সামাজিক ন্যায়বিচার প্রতিষ্ঠার লক্ষ্যে মূল্যবোধ সম্পন্ন নাগরিকগণ তৈরির উপায়।'

সিআর আবরার অভিবাসন খাতের বেসরকারি গবেষণা প্রতিষ্ঠান রিফিউজি অ্যান্ড মাইগ্রেটরি মুভমেন্টস রিসার্চ ইউনিটের (রামরু) নির্বাহী পরিচালক ছিলেন। তিনি মানবাধিকার সংগঠনের 'অধিকার' সভাপতির দায়িত্বও পালন করেছেন। এ ছাড়া অন্তর্বর্তী সরকার নির্বাচন কমিশন গঠনে গত বছরের শেষ দিকে ছয় সদস্যের যে অনুসন্ধান (সার্চ) কমিটি গঠন করেছিল, সেই কমিটির সদস্য ছিলেন সিআর আবরার।

গণঅভ্যুত্থানে গত বছরের ৫ আগস্ট শেখ হাসিনা সরকারের পতন হয়। এরপর ৮ আগস্ট অন্তর্বর্তী সরকার গঠিত হয়। সরকারের প্রধান উপদেষ্টা মুহাম্মদ ইউনূস। এরপর প্রায় সাত মাসে কয়েক দফায় উপদেষ্টা পরিষদে রদবদল ও নতুন নিয়োগ হয়েছে। প্রধান উপদেষ্টাসহ অন্তর্বর্তী সরকারে এখন উপদেষ্টা সংখ্যা ২৩ জন।

এ ছাড়াও অন্তর্বর্তী সরকারে উপদেষ্টার পদমর্যাদায় একজন বিশেষ সহকারী (প্রতিরক্ষা ও জাতীয় সংহতি উন্নয়ন বিষয়ক), একজন বিশেষ দূত (আন্তর্জাতিক বিষয়ক-সংক্রান্ত) ও একজন হাইরিপ্রেজেন্টেটিভ (রোহিঙ্গা সমস্যা ও অগ্রাধিকারপ্রাপ্ত বিষয়াবলী সংক্রান্ত) রয়েছেন।

আর প্রতিমন্ত্রীর মর্যাদায় তিনজন বিশেষ সহকারীও রয়েছে অন্তর্বর্তী সরকারে। তারা স্বরাষ্ট্র, স্বাস্থ্য ও শিক্ষা মন্ত্রণালয়ের বিশেষ সহকারী হিসেবে দায়িত্ব পালন করছেন।

গত ২৫ ফেব্রুয়ারি সরকারের উপদেষ্টার পদ থেকে পদত্যাগ করেন নাহিদ ইসলাম। তিনি নতুন রাজনৈতিক দল জাতীয় নাগরিক পার্টির আহ্বায়ক হয়েছেন।